

তারিখ 16 JUL 1946
পৃষ্ঠা ২

নির্বিকৃত সংস্করণ

১

নির্বিকৃত সংস্করণ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সর্বসম্মত সিদ্ধান্ত

অনার্সে ভর্তি বাড়বে ১০ ভাগ প্রিলিতে কমবে ১০ ভাগ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উৎসব পালন উপলক্ষে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ছাত্র সংগঠনগুলোর সমন্বয়ে একটি উৎসব উদযাপন কমিটি গঠিত হয়েছে। এছাড়া উপস্থিত ছাত্রনেতৃবৃন্দের দাবির প্রেক্ষিতে আগামীতেও প্রিলিমিনারিতে ভর্তির সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং বিশ্ববিদ্যালয় থেকে সকল প্রকার সন্ত্রাস নির্মূলে ছাত্র নেতৃবৃন্দ অঙ্গীকার করেছে।

গতকাল বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট কক্ষে অনুষ্ঠিত পরিবেশ পরিষদের এ সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ। ছাত্র নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পাণ্ডা, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাং-

গঠনিক সম্পাদক শহীদউদ্দিন চৌধুরী এ্যানী, মনির হোসেন, ছাত্র ইউনিয়ন সহ-সভাপতি মাহবুবুল হক রিপন, ওবায়দুর রহমান চুল্লু প্রমুখ। এছাড়া পরিবেশ পরিষদের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রক্টর শেখ নজরুল ইসলাম, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন অনুষদের ডীনগণ।

অনার্স ও প্রিলিমিনারিতে ভর্তি সম্পর্কে সভায় সিদ্ধান্ত হয় যে, প্রতিবছর অনার্সে ভর্তি শতকরা ১০ ভাগ বাড়ানো হবে এবং প্রিলিমিনারি ভর্তিতে প্রতিবছর শতকরা ১০ ভাগ কমানো হবে। আগের সিদ্ধান্ত ছিল এ বছর থেকে প্রিলিমিনারিতে ভর্তি করা হবে না।

এদিকে ৭৫ বছর উদযাপন উৎসব উপলক্ষে ১৯ জুলাই বিশ্ববিদ্যালয়ের প্রতিটি আবাসিক হলে ছাত্রছাত্রীদের উন্নতমানের খাবার সরবরাহের সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।